

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৫ টি প্রকল্প উদ্বোধন উপলক্ষ্যে মোনাজাত

মাওলানা আশরাফুজ্জামান

পেশ ইমাম, বিপিএটিসি জামে মসজিদ

আল হামদু লিল্লাহি রব্বিল আলামীন, ওয়া স সলাতু ওয়াছ ছালামু আলা সাইয়েদিল মুরসালীন।

রব্বানা আতিনা ফিদ্বুনয়া হাসানাহ ওয়া ফিল আখিরাতি হাসানাহ ওয়াকিনা আযাবান্নার।

হে রাব্বি করীম! আমরা তোমার শাহী দরবারের হাত তুলেছি, আমাদের জীবনের সমস্ত গুনাহ মাফ করে দাও। আমাদের মধ্যে হতে যাদের পিতা মাতা ও ঘনিষ্ঠজন পৃথিবী থেকে বিদায় নিয়ে করববাসী হয়েছেন তাদের সকলের কবরের আযাব মাফ করে দাও। বিশেষ করে বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব ও তাদের পরিবারের সকল সদস্য যারা ৭৫ এর ১৫ ই আগস্টে ঘাতকদের বুলেটের আঘাতে নির্মমভাবে শাহাদাত বরণ করেছিলেন, হে আল্লাহ তাঁদেরকে ক্ষমা করে দাও, শাহাদাতের মর্যাদা দাও এবং জান্নাতুল ফেরদাউস এর ফায়সালা করে দাও।

হে আল্লাহ, আজকে মাননীয় প্রধানমন্ত্রী যে ৫টি উন্নয়ন প্রকল্প ও কর্মসূচির শুভ উদ্বোধন করলেন সে প্রকল্পগুলোকে তুমি কবুল করো। যে উদ্দেশ্যে ভবনসমূহ নির্মিত হয়েছে এবং কর্মসূচি প্রণীত হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়নের তাওফিক দাও। সকল প্রকার প্রাকৃতিক দুর্যোগ থেকে হেফায়ত করো। প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকলকে কবুল ও মঞ্জুর করো।

হে কারীম! মাননীয় প্রধানমন্ত্রীকে সুসান্ত্ব্য ও দীর্ঘায়ু দান করো। তিনি যেন চলমান সকল উন্নয়ন কার্যক্রম সম্পাদন করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণ করতে পারেন সে তাওফিক দাও।

৭৫তম বুনিয়াদি কোর্সের নবীন কর্মকর্তাদেরকে কবুল করো। তারা যেন প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রয়োগ করে দেশ ও জাতির সেবা করতে পারে সেই তাওফিক দাও।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সিনিয়র সচিব, বিপিএটিসি'র রেক্টর মহোদয়সহ সংশ্লিষ্ট যারা এ কোর্সকে সমাপ্ত ও অনুষ্ঠানটি সফল করতে আঞ্জাম দিয়েছেন তাঁদের সকলকে কবুল ও মঞ্জুর করো।

পরিশেষে তোমার নিকট বিনীত নিবেদন যে, তোমার ভালবাসা হৃদয়ে ধারণ করে ঈমান ও আমল নিয়ে এ অস্থায়ী পৃথিবী থেকে বিদায় নিতে পারি।

আমীন, আলহামদুলিল্লা রাব্বিল আলামীন।